

কলমাকান্দা উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আফরোজা বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা), কলমাকান্দা উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষে।

তারিখ : ২৭/০১/২০২২ খ্রিঃ সময়ঃ দুপুর ১১.০০ ঘটিকা, রোজ বৃহস্পতি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' এ সংযোজিত।

অদ্য ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতি বেলা ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর সভাপতিত্বে উনার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য উপজেলা কমিটির সদস্য সচিব জনাব এফ.এম. আব্দুল ওয়াজেদ তালুকদার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কলমাকান্দা, নেত্রকোণা মহোদয়কে অনুরোধ জানানো হয়। অতঃপর কুশল বিনিময় শেষে নিম্নোক্ত বিষয়ে আলোচনা / সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত
১.	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান।	কোন সংশোধন ও সংযোজিত না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতক্রমে গৃহীত হয়।
২.	২০২২ সালের পাঠ্যপুস্তক বিতরণ।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় ২০২২সালের পাঠ্যপুস্তক গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ বিষয়ক পত্রাদি পাঠ করেন ও সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস বাস্তবায়ন ও মনিটরিং করেন। প্রধান শিক্ষক ও সহঃ শিক্ষকবৃন্দ বিদ্যালয়ে যথাযথ গ্রহণ ও সংরক্ষণের পর নির্দিষ্ট সময়ে বিতরণ সম্পন্ন করণ
৩.	নিয়মিত ক্লাশ পরিচালনা।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষার মান উন্নয়নের জন্য নিয়মিত ক্লাশ পরিচালনার ও সংশ্লিষ্টগণের পরিদর্শন কার্যক্রম জোরদার করা।	নিয়মিত এস.এম.সি সভা করা ও ইভটিজিং, বাল্য বিবাহ, অনুপস্থিতি ও পরিষ্কার পরিচ্ছন্ন বিষয়ে আলোচনা করা। অভিভাবক ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গের সহায়তায় আলোচনা সভা করা। সংশ্লিষ্ট গণের নিয়মিত পরিদর্শন জোরদার করন।
৪	বিবিধ	সভাপতি মহোদয় সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	আরকোন আলোচনা না থাকায় সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

আফরোজা বেগম
২৭/০১/২০২২

(আফরোজা বেগম)

ভাইস চেয়ারম্যান(মহিলা)

উপজেলা পরিষদ, কলমাকান্দা

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি।

তারিখঃ ২৭/০১/২০২২খ্রিঃ।

স্মারকনংঃ উমাশিঅ/কলমা-নেত্র/উঃশিঃকঃ/২০২১২/ ২৫/০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। চেয়ারম্যান-----ইউপি, কলমাকান্দা, নেত্রকোণা।

৪। অফিস কপি।

এফ.এম. আব্দুল ওয়াজেদ তালুকদার
২৭.০১.২২

(এফ.এম. আব্দুল ওয়াজেদ তালুকদার)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

কলমাকান্দা, নেত্রকোণা।